গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আইসিটি সেল

অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনের অবহিতকরণ সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত

---

| | |
|---|---|
| সভাপতি | শাকিলা জেরিন আহমেদ<br>যুগ্মসচিব (সমন্বয় ও আদালত) |
| সভার তারিখ | ১৬ জুন ২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বিকাল ০৪.০০ ঘটিকায় |
| স্থান | ভার্চুয়াল সভা |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |

সভাপতি সভার শুরুতেই ভার্চুয়াল প্লাটফর্মে অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানান। সভাপতি বলেন এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তরসমূহ ক্রমবর্ধমান বিপুল সংখ্যক শ্রমজীবি মানুষের আইনগত অধিকার বাস্তবায়নসহ স্বাস্থ্যসম্মত ও নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টি তথা শ্রমিকদের সামগ্রিক কল্যাণ নিশ্চিতের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য নানাবিধ কার্যক্রম পরিচালনা করছে। সুশাসন নিশ্চিতকরণের লক্ষ্যে মন্ত্রণালয়ের বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (APA) ও শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) একটি গুরুত্বপূর্ণ বিষয় । অনলাইন অভিযোগসহ সকল প্রকারের অভিযোগ যথাযথভাবে নিস্পত্তির লক্ষ্যে অংশীজনদের (Stakeholders) অংশগ্রহণে এ মতবিনিময় সভা আহবান করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার জনাব এ. এস. এম. মেহরাব হোসেন অনলাইনে (www.grs.gov.bd) অভিযোগ প্রতিকার সিস্টেমে অভিযোগ করার পদ্ধতি সম্পর্কে অবহিত করেন।

২। অত:পর সভায় উপস্থিত অধিদপ্তর/দপ্তর/সংস্থার শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আঞ্চলিক/মাঠ পর্যায়ের কর্মকর্তা ও শিল্প সেক্টরের মালিকপক্ষ এবং শ্রমিকপক্ষের প্রতিনিধিগণ এ সভা আহবান করার জন্য সভাপতিকে ধন্যবাদ জানান এবং তাঁদের কার্যালয়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সিটিজেন চার্টার বাস্তবায়নসহ চলমান কার্যক্রম সম্পর্কে অবহিত করেন । মালিকপক্ষের প্রতিনিধি জনাব সালাহউদ্দিন আহমেদ, ডিজিএম, ইভ-ড্রেস-শার্ট লিমিটেড ও জনাব শেখ তাইফুল মিরাজ, ডেপুটি ম্যানেজার (কমপ্ল্যান্স), সাউর্দান গার্মেন্টস লিমিটেড বলেন, শ্রমিকপক্ষ অধিকার সচেতন হলে এবং মালিকপক্ষ কারখানার শ্রমিকদের ন্যায্য অধিকার নিশ্চিতে তৎপরহলে উভয়পক্ষের মধ্যে সুসম্পর্ক স্থাপিত হবে এবং কাজের পরিবেশ উন্নত হবে ফলে উৎপাদন বৃদ্ধি পাবে । উভয়েই অধিকহারে কারখানা পরিদর্শন এবং উদ্বুদ্ধকরণ সভা আয়োজনের জন্য অনুরোধ করেন। শ্রমিকপক্ষের প্রতিনিধি মোছাঃ উম্মে কুলসুম, কোয়ালিটি ইন্সেপেক্টর, কোয়ালিটি আসুরেন্স বিভাগ এবংজনাব মোঃ রকিবুল ইসলাম, কোয়ালিটি ইন্সেপেক্টর , সাউর্দান গার্মেন্টস লিমিটেড স্ব স্ব কর্মক্ষেত্রে শ্রমিকদের অধিকার নিশ্চিত করা হচ্ছে মর্মে জানান । শ্রমিকপক্ষ তাদের কর্মক্ষেত্রের বিষয়ে কোন অভিযোগ নাই মর্মেজানান।

৩। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নারায়ণগঞ্জ কার্যালয়ের উপ-মহাপরিদর্শক জনাব সৌমেন বড়ুয়া জানান, শিল্প সম্পর্ক শিক্ষায়তনে (আইআরআই) যথাসম্ভব প্রশিক্ষণ আয়োজন করা হচ্ছে । তবে মালিকপক্ষ শ্রমিকদের প্রশিক্ষণ প্রদানে আগ্রহী হলে কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তর এবং শ্রম অধিদপ্তরের সহযোগিতায় প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে । ডাঃ নাজমুন নাহার, উপ- মহাপরিদর্শক, স্বাস্থ্য, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর শ্রম কল্যাণ কেন্দ্রসমূহে টেলিমেডিসিন ব্যবস্থাসহ শ্রমিকদের চিকিৎসা সেবা প্রদানের বিষয়ে সভাকে অবহিত করেন। দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ জানান সিটিজেন চার্টার বাস্তবায়নে কর্তৃপক্ষ সচেষ্ট রয়েছে এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ক কাযক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে। সভাপতি সিটিজেন চার্টার যথাযথভাবে বাস্তবায়নপূর্বক সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে সেবাগ্রহীতাদের প্রত্যাশানুযায়ীসেবা প্রদান এবং অনলাইন অভিযোগসহ সবধরণের অভিযোগ দ্রুত

ও নির্ধারিত সময়ের মধ্যে নিস্পত্তির বিষয়ে নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) সিটিজেন চার্টার অনুযায়ী স্ব স্ব অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক সেবাগ্রহীতাদের সেবা প্রদান করতে হবে;

(২) সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা নিশ্চিত না করা হলে ভুক্তভোগী শ্রমিক অনলাইনে (www.grs.gov.bd) অভিযোগ প্রতিকার সিস্টেমে তাঁর অভিযোগ দাখিল করবেন;

(৩) পরিদর্শনের সময়ে শ্রম আইনের যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

(৪) স্বাস্থ্যবিধি মেনে প্রত্যেক কারখানার মালিকপক্ষকে যথাসম্ভব শ্রমিকদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ প্রশিক্ষণে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা হতে রির্সোস পারসন নেয়া যেতে পারে;

(৫) শ্রম অধিদপ্তরের আওতাধীন শিল্প সম্পর্ক শিক্ষায়তন (IRI)-সহ সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণ প্রদানকালে সকল সেক্টরের প্রতিনিধিদের/শ্রমিকদের অন্তর্ভুক্ত করতে হবে। প্রশিক্ষণে শ্রম আইন ২০০৬ ও নিম্নতম মজুরী সম্পর্কে অবহিত করতে হবে ;

৪। পরিশেষে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সহ সবধরণের অভিযোগ নির্ধারিত সময়ে নিস্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় এবং অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

শাকিলা জেরিন আহমেদ
যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০৩৬.৫০.০০১.১৯.৭৪

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৮
৩০ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপসচিব, সমন্বয় শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

২) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৩) উপ -মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, নারায়নগঞ্জ

৪) সহকারী মহাপরিদর্শক (রুটিন দায়িত্ব), স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা

৫) উপ-পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর

৬) শেখ মোঃ তাইফুল মিরাজ, ডেপুটি ম্যানেজার কমপ্ল্যান্স, দেওয়ান ইদ্রিস রাড়ে, আশুলিয়া,ঢাকা

৭) মোছাঃ উম্মে কুলসুম, কোয়ালিটি ইন্সেপেক্টর, আশুলিয়া, ঢাকা

৮) মোঃ রকিবুল ইসলাম, কোয়ালিটি ইন্সেপেক্টর (ভিসি/পিসি), দেওয়ান ইদ্রিস রাড়ে, আশুলিয়া, ঢাকা

এ.এস.এম. মেহরাব হোসেন
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার